গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
www.orgbdr.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (এপ্রিল-জুন/'২৩) সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| **সভাপতি** | : মোঃ রাশেদুল হাসান<br>রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)<br>ও<br>আহবায়ক, নৈতিকতা কমিটি, জন্ম ও মৃত্যু নিবন্ধন। |
| **স্থান** | : সভাকক্ষ, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন। |
| **সভার তারিখ** | : ১৬ মে ২০২৩ |
| **সভার সময়** | : বিকাল ০২.০০ ঘটিকা। |
| **উপস্থিতি** | : নথিতে সংরক্ষিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার কার্যপত্র অনুযায়ী উপস্থাপনার জন্য সহকারী রেজিস্ট্রার জেনারেল জনাব মো. আখতার জামিল-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বিগত ২২ মার্চ ২০২৩ তারিখের সভার কার্যবিবরণী সকলের নিকট প্রেরণ করা হয়েছে, তদুপরি আজকেও কপি টেবিলে সরবরাহ করা হয়েছে। এর উপর কোন মতামত বা সংশোধনী না থাকলে তিনি উহা দৃঢ়ীকরণের প্রস্তাব রাখেন। সভায় সংশোধনীর কোন প্রস্তাব না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

**২। আলোচ্য বিষয়: এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন পর্যালোচনা।**

রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের আলোচনার এ পর্যায়ে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট বিভিন্ন কার্যক্রমের কথা উল্লেখ করেন। তিনি বলেন, প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, নৈতিকতা কমিটির সভা আয়োজন, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়নের ব্যবস্থা করা ইত্যাদি এর বিষয়ে যথাসময়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তবে কোভিড-১৯ এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে ব্যয়ের কিছু খাতে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) যায়নি এবং বাজেট বাস্তবায়নের হার শতভাগ অর্জন করা সম্ভবপর হয়নি। যে সকল বিষয় বাস্তবায়িত হয়েছে সে প্রসঙ্গে সভাপতি সন্তোষ প্রকাশ করেন এবং যে সকল বিষয় শতভাগ বাস্তবায়িত হয়নি সে সকল বিষয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের হার শতভাগ অর্জনের জন্য বিভিন্ন নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা হার শতভাগ অর্জনের জন্য অবাস্তবায়িত বিষয়াদি এই অর্থ বছরে নিষ্পন্ন করতে হবে।**

**৩। আলোচ্য বিষয়: এ কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান**

এ প্রসঙ্গে জনাব আখতার জামিল বলেন, সরকার 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' এই শিরোনামকে সামনে রেখে 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা' এবং শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় সরকারি কর্মচারীদের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত করেছে। এ জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ প্রণয়ন করা হয়। শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে অধিকতর পদ্ধতিগত স্বচ্ছতা আনয়ন এবং পরিসর বৃদ্ধির লক্ষ্যে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭'-এর সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন করে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১' প্রণয়ন করা হয়। এ নীতিমালা অনুসরণে প্রতি অর্থবছরে সরকারি কর্মচারীদের শুদ্ধাচার চর্চার নিমিত্ত পুরস্কার প্রদান করা হয়ে থাকে। জাতীয় শুদ্ধাচার নীতিমালা, নভেম্বর ১৬, ২০২১ এর ৩ এর ৩.২ নম্বর অনুচ্ছেদ মোতাবেক শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধনে দুই ক্যাটাগরিতে এক- (০২-০৯ গ্রেডভুক্ত কর্মচারী) এবং দুই (১০-১৬ গ্রেডভুক্ত কর্মচারী) কে

Scanned with AnyScanner

শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। এ সময় সভাপতি এ কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০২১ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন।

**সিদ্ধান্ত: জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে নীতিমালা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।**

**৪। আলোচ্য বিষয় : শুদ্ধাচার চর্চা মূল্যায়নের জন্য বাছাই কমিটি গঠন**

শুদ্ধাচারের বিকল্প ফোকাল পয়েন্ট বলেন, সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ প্রণয়ন করেছে। উক্ত (সংশোধন) নীতিমালা, ২০২১ এর আলোকে ৬.৩ এ দপ্তর/সংস্থার কর্মচারীগণকে পুরস্কার প্রদানের লক্ষ্যে দপ্তর/সংস্থার প্রধানের নেতৃত্বে বাছাই কমিটি করতে হবে। উক্ত বাছাই কমিটি পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করবেন। এ প্রসঙ্গে নৈতিকতা কমিটির আহবায়ক জনাব মোঃ রাশেদুল হাসান (অতিরিক্ত সচিব) ২০২২-২০২৩ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান করার জন্য কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত: এ কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান করার জন্য একটি কমিটি গঠন করতে হবে।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৫/২০২৩

মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
ও
আহবায়ক
নৈতিকতা কমিটি, জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ +৮৮০২২২৩৩৮৬৬০৬
ইমেইল: rg@orgbdr.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০৪.০০০০.১০৪.০৫.০১৭.২৩ - ৮৭৩

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১৮ মে ২০২৩

<u>বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. জনাব মির্জা তারিক হিকমত, ডেপুটি রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন;
২. ড. আবু নছর মোহাম্মদ আব্দুল্লাহ, ডেপুটি রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন;
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৪. জনাব ফাহমিদা শিরিন, প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন [তাঁকে কার্যবিবরনীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
৫. জনাব, মোঃ ফরহাদ হোসেন, সহ. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন;
৬. জনাব, মোঃ মেহেদী হাসান, সহ. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন;
৭. জনাব সামিউল ইসলাম রাহাদ, সহ. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

১৮/০৫/২০২৩

মো. আখতার জামিল
সহকারী রেজিস্ট্রার জেনারেল
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ২২২৩৩৫৫৮৯২
ইমেইল: arg2@orgbdr.gov.bd

Scanned with AnyScanner